# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৬৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির জন্য জায়েয রয়েছে, কুর‘আন বহির্ভূত দু‘আ করা

## ذِكْرُ جَوَازِ دُعَاءِ الْمَرْءِ فِي الصَّلَاةِ بِمَا لَيْسَ فِي كِتَابِ اللَّهِ

আরবী

1968 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ أَبِيهِ قَالَ:
كُنَّا جُلُوسًا فِي الْمَسْجِدِ فَدَخَلَ عَمَّارُ بْنُ يَاسِرٍ فَصَلَّى صَلَاةً خفَّفها فَمَرَّ بِنَا فَقِيلَ لَهُ: يَا أَبَا الْيَقْظَانِ خَفَّفْتَ الصَّلَاةَ قَالَ: أَوَ خفَّفته رَأَيْتُمُوهَا؟ قُلْنَا: نَعَمْ قَالَ: أَمَا إِنِّي قَدْ دَعَوْتُ فِيهَا بِدُعَاءٍ قَدْ سَمِعْتُهُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ مَضَى فَأَتْبَعَهُ رَجُلٌ مِنَ الْقَوْمِ قَالَ عَطَاءٌ: اتَّبَعَهُ أَبِي ـ وَلَكِنَّهُ كَرِهَ أَنْ يَقُولَ: اتَّبَعْتُهُ ـ فَسَأَلَهُ عَنِ الدُّعَاءِ ثُمَّ رجَعَ فَأَخْبَرَهُمْ بِالدُّعَاءِ: (اللَّهُمَّ بِعِلْمِكَ الْغَيْبَ وَقُدْرَتِكَ عَلَى الْخَلْقِ أَحْيِنِي مَا عَلِمْتَ الْحَيَاةَ خَيْرًا لِي وَتَوَفَّنِي إِذَا كَانَتِ الْوَفَاةُ خَيْرًا لِي اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ خَشْيَتَكَ فِي الْغَيْبِ وَالشَّهَادَةِ وَكَلِمَةَ الْعَدْلِ وَالْحَقِّ فِي الغضب والرضا وأسألك القصد في الفقر والغنا وَأَسْأَلُكَ نَعِيمًا لَا يَبِيدُ وَقُرَّةَ عَيْنٍ لَا تَنْقَطِعُ وَأَسْأَلُكَ الرِّضَا بَعْدَ الْقَضَاءِ وَأَسْأَلُكَ بَرْدَ الْعَيْشِ بَعْدَ الْمَوْتِ وَأَسْأَلُكَ لَذَّةَ النَّظَرِ إِلَى وَجْهِكَ وَأَسْأَلُكَ الشَّوْقَ إِلَى لِقَائِكَ فِي غَيْرِ ضَرَّاءَ مُضِرَّةٍ وَلَا فِتْنَةٍ مُضِلَّةٍ اللَّهُمَّ زَيِّنَّا بزينة الإيمان واجعلنا هداة مهتدين.
الراوي : السَّائِب | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1968 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة)) ((الكلم الطيب)) ((الظلال)) (129)

বাংলা

১৯৬৮. সায়িব রহিমাহুল্লাহ বলেন, “আমরা মাসজিদে বসে ছিলাম, এসময় আম্মার বিন ইয়াসার রাদ্বিয়াল্লাহু আনহু মাসজিদে প্রবেশ করে হালকা করে সালাত আদায় করেন। অতঃপর তিনি আমাদের পাশ দিয়ে অতিক্রম করেন। এসময় তাঁকে বলা হয়, “হে আবুল ইয়াকযান, আপনি সালাত হালকা করে আদায় করলেন যে!” জবাবে তিনি বলেন, “হালকা করে সালাত আদায় করেছি, আপনারা দেখেছেন?” আমরা বললাম, “হ্যাঁ, আমরা দেখেছি।” তিনি বলেন, “জেনে রাখুন, নিশ্চয়ই আমি এই সালাতে একটি দু'আ করেছি, যা আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি।” তারপর তিনি চলে যান। অতঃপর কওমের এক ব্যক্তি তাঁর অনুগামী হয়।”

আত রহিমাহুল্লাহ বলেন, “আমার বাবা সায়িব রহিমাহুল্লাহ তাঁর অনুগামী হয়েছিলেন। -কিন্তু তিনি এরকম বলা অপছন্দ করেন, “অতঃপর আমি তাঁর অনুগামী হই”- অতঃপর তিনি তাঁকে উক্ত দু'আ সম্পর্কে জিজ্ঞেস করেন, তারপর তিনি তাদের কাছে ফিরে আসেন এবং তাদেরকে দু'আ সম্পর্কে অবহিত করেন। দু'আটি হলো,

اللَّهُمَّ بِعِلْمِكَ الْغَيْبَ وَقُدْرَتِكَ عَلَى الْخَلْقِ أَحْيِنِي مَا عَلِمْتَ الْحَيَاةَ خَيْرًا لِي وَتَوَفَّنِي إِذَا كَانَتِ الْوَفَاةُ خَيْرًا لِي اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ خَشْيَتَكَ فِي الْغَيْبِ وَالشَّهَادَةِ وَكَلِمَةَ الْعَدْلِ وَالْحَقِّ فِي الغضب والرضا وأسألك القصد في الفقر والغنا وَأَسْأَلُكَ نَعِيمًا لَا يَبِيدُ وَقُرَّةَ عَيْنٍ لَا تَنْقَطِعُ وَأَسْأَلُكَ الرِّضَا بَعْدَ الْقَضَاءِ وَأَسْأَلُكَ بَرْدَ الْعَيْشِ بَعْدَ الْمَوْتِ وَأَسْأَلُكَ لَذَّةَ النَّظَرِ إِلَى وَجْهِكَ وَأَسْأَلُكَ الشَّوْقَ إِلَى لِقَائِكَ فِي غَيْرِ ضَرَّاءَ مُضِرَّةٍ وَلَا فِتْنَةٍ مُضِلَّةٍ اللَّهُمَّ زَيِّنَّا بزينة الإيمان واجعلنا هداة مهتدين

(হে আল্লাহ, অদৃশ্যের বিষয়ে আপনার জ্ঞান ও সৃষ্টির ব্যাপারে আপনার ক্ষমতার বদৌলতে আমাকে বাঁচিয়ে রাখুন যতদিন আমার বেঁচে থাকা কল্যাণকর জানবেন, আমাকে মৃত্যু দান করবেন যখন মৃত্যুবরণ করা আমার জন্য কল্যাণকর হবে। হে আল্লাহ, আপনি আপনার কাছে দৃশ্যে ও অদৃশ্যে আপনার ভীতি, খুশি ও ক্রোধান্বিত উভয় অবস্থায় হক ও ন্যায়নিষ্ঠ কথা (বলতে পারার তাওফীক) কামনা করছি। আমি আপনার কাছে ধনী ও গরীব উভয় অবস্থায় মধ্যমপন্থা অবলম্বন (করার তাওফীক) কামনা করছি। আমি আপনার কাছে চাইছি এমন নি'আমত যা শেষ হয়ে যাবে না এবং চোখের শীতলতা যা নিঃশেষ হয়ে যাবে না। আমি আপনার কাছে প্রার্থনা করছি আপনার ফায়সালার পর আপনার সন্তুষ্টি। আমি আপনার কাছে কামনা করছি মৃত্যুর পর শীতল জীবন-যাপন। আমি আপনার কাছে প্রার্থনা করছি আপনার চেহারার দিকে দৃষ্টিপাতের মধুরতা। আমি আপনার কাছে ক্ষতিকর কোন কিছু ছাড়া এবং বিভ্রান্তিকর কোন ফিতনা ছাড়া আপনার সাক্ষাতের প্রতি আগ্রহ চাচ্ছি। হে আল্লাহ, আপনি আমাদেরকে ঈমানের সাজে সুসজ্জিত করুন আর আপনি আমাদেরকে সুপথপ্রাপ্ত ও পথপ্রদর্শনকারী বানিয়ে দিন।)[1]

## ফুটনোট

[1] ইবনু খুযাইমাহ, কিতাবুত তাওহীদ: ১২ পৃষ্ঠা; নাসাঈ: ৩/৫৪;হাকিম: ১/৫২৪-৫২৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৬৪; মুসনাদ আহমাদ: ৪/২৬৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আয যিলাল: ১২৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সাইব বিন খাল্লাদ (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91285

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন